# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫০২

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ইবনু সাইয়্যাদ-এর ঘটনা

اَلْفَصْلُ الثَّنِفْ ( بَاب قصَّة ابْن الصياد)

## আরবী

وَعَنْ جَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَدْ فَقَدْنَا ابْنَ صَيَّادٍ يَوْمَ الْحَرَّةِ. رَوَاهُ أَبُو دَاوُد

اسناده ضعیف ، رواه ابوداؤد (4332) * الاعمش مدلس و عنعن

## বাংলা

৫৫০২-[৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হাররাহ্ যুদ্ধের দিন থেকে আমরা ইবনু সাইয়্যাদ-কে আর খুঁজে পাইনি। (আবূ দাউদ)

## ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৪৩৩২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَدْ فَقَدْنَا ابْنَ صَيَّادٍ يَوْمَ الْحَرَّةِ) জাবির (রাঃ) বলেন, আমরা হাররার দিন তথা ইয়াযীদ ইবনু মু'আবিয়াহ্ যেদিন মদীনাবাসীর বিরুদ্ধে যুদ্ধে জয়লাভ করেন, সেদিন ইবনু সাইয়্যাদ-কে খুঁজে পাইনি। বলা হয়, এটা তাদের বর্ণনার বিপরীত, যারা বলেছিল ইবনু সাইয়্যাদ মদীনায় মারা গেছে। আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, মূলত এটা (তাকে না পাওয়া) উক্ত বর্ণনার বিপরীত বুঝায় না। তাকে না পাওয়ার কারণ হলো, সে মদীনাতেই মারা গেছে, অন্য কোথাও অথবা সে মদীনায় মারা যায়নি, তবে আত্মপ্রকাশের আগ পর্যন্ত কোথাও বেঁচে আছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85480

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন